

ডিগ্রিতে ৬৭.১১ শতাংশ পাস

নিম্ন বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১০ সালের ডিগ্রি (পাস ও সাবসিডিয়ারি) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এতে প্রথম বর্ষে গড় পাসের হার ৮৯ দশমিক ১৭ ভাগ। প্রথম বর্ষে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৪৩ হাজার ৩১০ জন। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ১ লাখ ২৭ হাজার ৭৯৬ জন। দ্বিতীয় বর্ষে পাসের হার ৯৪ দশমিক ৭৪ ভাগ। দ্বিতীয় বর্ষে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ১০ হাজার ১০০ জন।

ডিগ্রিতে : ৬৭.১১ শতাংশ

(১ম পৃষ্ঠার পর)

১ম বর্ষে ৮৫ হাজার ৯৭৭ জন। এরমধ্যে পাস করেছে ১ লাখ ৭৬ হাজার ১৯৮ জন। তৃতীয় বর্ষে (মুড়াত) গড় পাসের হার ৬৭ দশমিক ১১ ভাগ। তৃতীয় বর্ষে মোট পরীক্ষার্থী ছিল ৯৬ হাজার ৯১০ জন। তাদের মধ্যে পাস করেছে ৬৫ হাজার ৩৭ জন। আর সার্টিফিকেট কোর্সে মোট পরীক্ষার্থী ছিল ৫৯২ জন। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৩২৪ জন। গড় পাসের হার ৫৪ দশমিক ৭৩ ভাগ। গতকাল সকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ ফলাফল প্রকাশ করা হয়েছে।

দ্বিতীয় বর্ষ পরীক্ষার ফলাফলের পরিসংখ্যান মুড়াত, পরীক্ষার উত্তীর্ণদের মধ্যে বিএ প্রথম বিভাগ পেয়েছে ২ হাজার ২৮ জন, দ্বিতীয় বিভাগ ১৭ হাজার ১০৪ জন, তৃতীয় বিভাগ ৩ হাজার ১১৫ জন এবং পাস করেছে ৪৭ জন। বিএসএস এতে প্রথম বিভাগ পেয়েছে ১ হাজার ৬৩৮ জন, দ্বিতীয় বিভাগ ১৯ হাজার ৯৬০ জন, তৃতীয় বিভাগ ৪ হাজার ১৮৫ জন এবং উত্তীর্ণ হয়েছে ৫২ জন শিক্ষার্থী।

বিকম/বিডিএসতে প্রথম বিভাগ পেয়েছে ৭১০ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ৯ হাজার ৭২৪ জন, তৃতীয় বিভাগ পেয়েছে ৩ হাজার ৮২৬ জন এবং উত্তীর্ণ হয়েছে ৮৩ জন পরীক্ষার্থী। বিএসসিতে প্রথম বিভাগ পেয়েছে ৪৮১ জন, দ্বিতীয় বিভাগ ১ হাজার ৮২৫ এবং তৃতীয় বিভাগ ২১৬ জন শিক্ষার্থী।

পরীক্ষার্থীর রোল নম্বর ও কলেজওয়ারী ফলাফল www.nu.edu.bd, www.nu-results.net www.nu-bsc.info ওয়েবসাইট থেকে জানা যাবে। যে কোন মোবাইল থেকে কক্ষ করেও ফলাফল জানা যাবে। এ ক্ষেত্রে Message অপশনে দিয়ে nu<space>deg<space>Roll সিব ৪৬৩৬ অথবা ১৬২২২ নম্বরে Send করতে হবে।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১১ সালের ২০ অক্টোবর থেকে চলতি বছরের ৩ জানুয়ারি (তৃতীয়) এবং গত ৪ জানুয়ারি থেকে গত ৮ ফেব্রুয়ারি (ব্যবহারিক) পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় সারাদেশে ৬১৪টি কেন্দ্রে ১ হাজার ৪৮৫টি কলেজের সর্বমোট ৪ লাখ ২৬ হাজার ৭৮৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে।